

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৬০

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ হায়েয অবস্থায় স্ত্রীর সাথে শয়ন করা বৈধ

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُضَاجِعَ امْرَأْتَهُ إِذَا كانت حائضاً

## আরবী

1360 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ حَدَّثَنَةُ اللَّهُ عَلْدُ وَسَلَمَةً حَدَّثَتُهَا قَالَتْ: بَيْنَمَا أَنَا مُضْطَجِعَةٌ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْخَمِيلَةِ إِذْ حِضْتُ فَانْسَلَلْتُ مُضَافَحُونَ ثَيَابَ حِيضتي فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنفِسْتِ)؟ قُلْتُ: نَعَمْ فَدَعَانِي فَأَضْطَجَعْتُ معه في الخميلة.

الراوي: أنس بن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1360 | خلاصة حكم المحدث: صحيح -

## বাংলা

১৩৬০. উম্মু সালামা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একই চাদরের নিচে শুয়ে ছিলাম, এমন সময় আমার হায়েয শুরু হয়, ফলে আমি আস্তে আস্তে সরে আসি এবং আমার হায়েযের জন্য নির্ধারিত কাপড় পরিধান করি। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে বলেন, "তোমার কি হায়েয হয়েছে?" আমি বললাম, "জ্বী, হ্যাঁ।" তখন তিনি আমাকে ডেকে নেন তারপর আমি তাঁর সাথে একই চাদরের নিচে শুয়ে থাকি।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৯৬; নাসাঈ: ১/১৪৯; সহীহ আল বুখারী: ২৯৮; দারেমী: ১/২৪৩; সুনান বাইহাকী: ১/৩১১; মুসনাদ আহমাদ: ৬/৩০০; আবূ আওয়ানা: ১/৩১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩১৬; মুসান্নাফ আব্দুর রায্যাক:



১২৩৫; ইবনু মাজাহ: ৬৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: 8/২৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (সুনান ইবনু মাজাহ: ৬৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন